

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪১৫(আগরতলা ১।১)
কৈলাসহর, ১ জানুয়ারি, ২০২৪

কৈলাসহর পুর পরিষদ ভিত্তিক বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা এবং প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি কৈলাসহর পুর পরিষদ ভিত্তিক বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। ঊনকোটি কলাক্ষেত্রে আয়োজিত শিবিরে ৫ জন সুবিধাভোগীকে উজ্জ্বলা যোজনায় গ্যাসের সংযোগ দেওয়া হয়েছে। স্বাস্থ্য দপ্তর থেকে ৩৭ জনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। কর্মসূচিতে বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প সম্বলিত তথ্যচিত্র ভ্রাম্যমান প্রচার গাড়ির মাধ্যমে দেখানো হয়। শিবিরে উপস্থিত ছিলেন কৈলাসহর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন নীতিশ দে, কৈলাসহর মহকুমার মহকুমা শাসক প্রদীপ সরকার প্রমুখ।
